তারিখ 17 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ৬

দৈনিক সংবাদ

# খোলা চোখে

হাফিজুর রহমান কার্জন

বিভিন্ন ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃত্বের অধিকাংশ পদ বরাবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের কর্তৃত্বে ছিল।

কিন্তু এখন তাতে ভাটা পড়েছে। নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্তৃত্ব এখন নেই বললেই চলে। বিভিন্ন ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃত্বের দিকে তাকালেই চিত্রটা স্পষ্ট হয়ে ওঠে।

বিলুপ্ত ঘোষিত জাতীয়তাবাদী ছাত্রদলের সভাপতি রুহুল কবীর রিজভী এসেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে। ছাত্রলীগের (ম-ই) সভাপতি মঈনুদ্দীন হাসান চৌধুরী এসেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে। ছাত্র ইউনিয়নের সভাপতি সরদার রুহিন হোসেন প্রিন্স এসেছেন খুলনা থেকে। ছাত্রলীগের (বা-কা) সভাপতি রুহুল কুদ্দুছ বাবু ও সাধারণ সম্পাদক আবদুল্লাহিল কাইয়ুম এসেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে। ছাত্রমৈত্রীর সভাপতি রাগীব আহসান মুন্না এসেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে এবং সাধারণ সম্পাদক মাহামুদ হাসান বুলু এসেছেন যশোর থেকে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সভাপতি বেলাল চৌধুরী এসেছেন চট্টগ্রাম থেকে এবং সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন এসেছেন কৃষি বিশ্ববিদ্যালয় থেকে।